ইত্তেফাক

তারিখ 7/6/79
পৃষ্ঠা ... ... কলাম ... ... ...

40

## ভুয়া মার্কশীট

বিগত ৪ঠা মে তারিখে দৈনিক 'ইত্তেফাকে'র প্রথম পৃষ্ঠায় এবং অন্যান্য খবরের কাগজে ভুয়া মার্কশীটধারীদের সংবাদ ছাপা হইয়াছে। মেডিক্যাল বোর্ড কর্তৃপক্ষের সজাগ দৃষ্টির দরুন বিভিন্ন কলেজ হইতে তাহাদের মনোনয়ন বাতিল করতঃ বহিষ্কার করা হইতেছে। এ কথা বলা অনস্বীকার্য যে, বোর্ড কর্তৃপক্ষের সুনিপুণ হৃদয়তার ফলেই ভুয়া মার্কশিটগুলি ছাত্র ছাত্রীদের হাতে আসিয়াছে। অধিকন্তু শিক্ষিত মহল অবগত আছেন যে, উল্লেখিত দুর্নীতি হেতুই প্রকৃত মেধাবী ছাত্ররা উচ্চ আকাংক্ষা সত্ত্বেও বঞ্চিত হইতেছে।

কর্তৃপক্ষের জ্ঞাতার্থে আরও প্রকাশ থাকে যে, বৈদেশিক বৃত্তির জন্য "মিনিষ্ট্রি অব এডুকেশন" থেকে যে সকল প্রার্থীকে সাময়িক ভাবে মনোনয়ন দেওয়া হইয়াছে তাহাদের প্রয়োজনীয় নথিপত্রের সত্যতা পুনরায় স্কুল, কলেজ ও বোর্ডে যাচাই করিয়া দেখা উচিত। আমাদের ধারণা, উক্ত সাময়িকভাবে মনোনীত প্রার্থীদের মধ্যেও কিছু ভুয়া মার্কশিটধারী পাওয়া যাইবে।

এই প্রসঙ্গে বাংলাদেশ সরকারের শিক্ষামন্ত্রণালয়ে নিয়োজিত কর্তৃপক্ষের নিকট আকুল ফরিয়াদ, ভুয়া মার্কশিট প্রদানকারী ও গ্রহণকারীদেরকে দৃষ্টান্তমূলক শাস্তিসহ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বাতিল ঘোষণা করা হউক।

—জনৈক ছাত্র।